



PERMANENT MISSION OF BANGLADESH TO THE UNITED NATIONS

Diplomat Center, 820 2nd Avenue (4th floor), New York, NY 10017
Tel: (212) 867-3434 • Fax: (212) 972-4038 • E-mail: bdpmony@gmail.com
Web site: www.un.int/bangladesh

তারিখ : ১৪ অগ্রহায়ণ, ১৪২৪
২৮ নভেম্বর ২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

প্রীতি টেবিল টেনিস টুর্নামেন্ট

মহান বিজয় দিবস উপলক্ষে জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশন ও নিউইয়র্কস্থ বাংলাদেশ কনস্যুলেট জেনারেল এর যৌথ উদ্যোগে আগামী ১০ ডিসেম্বর ২০১৭ এক প্রীতি টেবিল টেনিস টুর্নামেন্ট অনুষ্ঠিত হতে যাচ্ছে। এ সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ :

- টুর্নামেন্টের তারিখ : ১০ ডিসেম্বর ২০১৭, রোজ রবিবার।
টুর্নামেন্ট শুরুর সময় : সকাল ৯:৩০ ঘটিকা।
ভেন্যু : বাংলাদেশ স্থায়ী মিশনস্থ বঙ্গবন্ধু মিলনায়তন।
৮২০ ইস্ট, সেকেন্ড এভিনিউ ৪র্থ তলা, নিউইয়র্ক-১০০১৭,
(৪৩ ও ৪৪ নম্বর স্ট্রিটের মাঝে)।

টুর্নামেন্টটি সকলের জন্য উন্মুক্ত। একক ও দ্বৈতভাবে এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করা যাবে। আগ্রহী প্রতিযোগীগণ আগামী ০৫ ডিসেম্বর ২০১৭ এর মধ্যে faruk.hossan.mofa@gmail.com এবং contact@bdcgny.org -এই ই-মেইল দুটিতে প্রয়োজনীয় তথ্য প্রেরণের মাধ্যমে রেজিস্ট্রেশন সম্পূর্ণ করতে অনুরোধ করা যাচ্ছে। রেজিস্ট্রেশনের জন্য প্রতিযোগির পূর্ণ নাম, যোগাযোগের তথ্য (মোবাইল নম্বর, ই-মেইল), একক না কী দ্বৈত, দ্বৈত হলে সহ-প্রতিযোগির অনুরূপ তথ্য এবং সাম্প্রতিক সময়ের ছবির সফট কপি পাঠাতে হবে। অংশগ্রহণকারীগণকে নিজস্ব টিটি র্যাকেট আনার জন্য অনুরোধ করা যাচ্ছে।

বিজয়ীদের 'বিজয় দিবস ক্রেস্ট' পুরস্কারে ভূষিত করা হবে।

যে কোন তথ্যের জন্য +১ ২১২ ৮৬৭ ৩৪৩৪-৩৭ -এই নাম্বারে যোগাযোগ করতে অনুরোধ করা যাচ্ছে।

রাষ্ট্রদূতের পক্ষে,

২৮ নভেম্বর ২০১৭

(মো: নুরএলাহি মিনা)

প্রথম সচিব (প্রেস)

ই-মেইল: press.pmbdun.ny@gmail.com